গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.powerdivision.gov.bd

স্মারক নং:২৭.০০.০০০০.০৪১.১১.০০৮.২৩.৭২৬

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩১ / ০৭ জুলাই ২০২৪

# নিয়োগ বিজ্ঞপ্তি

বিদ্যুৎ বিভাগের ০৫ (পাঁচ) ক্যাটাগরির ১৩-২০তম গ্রেডের ১৭ (সতেরো)টি শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://pd.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদন আহবান করা যাচ্ছে :

| ক্র: নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জা: বে: স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১। | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>বেতনস্কেল:<br>(১১,০০০-২৬,৫৯০/-) | ০১<br>(এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী;<br>(খ) বাংলা, ইংরেজি, গণিত ও কম্পিউটার সম্পর্কিত সাধারণ জ্ঞান বিষয়ক ৯০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | রাজবাড়ী, ময়মনসিংহ, নেত্রকোনা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, চাপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, যশোর, নড়াইল, কুষ্টিয়া, ভোলা এবং পটুয়াখালী জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০২। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>বেতনস্কেল:<br>(১১,০০০-২৬,৫৯০/-) | ০২<br>(দুই)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ক ৯০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;<br>(গ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঘ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ; এবং<br>(ঙ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ। | |
| ০৩। | ক্যাশিয়ার<br>গ্রেড-১৪<br>বেতনস্কেল:<br>(১০,২০০-২৪,৬৮০/-) | ০১<br>(এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী;<br>(খ) বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ক ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে; এবং<br>(গ) কম্পিউটারে Word Processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
| ০৪। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>বেতনস্কেল:<br>(৯,৩০০-২২,৪৯০/-) | ০২<br>(দুই)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ক ৯০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;<br>(গ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। | রাজবাড়ী, ময়মনসিংহ, নেত্রকোনা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, চাপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, যশোর, নড়াইল, কুষ্টিয়া, ভোলা এবং পটুয়াখালী জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫। | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>বেতনস্কেল:<br>(৮,২৫০-২০,০১০/-) | ১১<br>(এগারো)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ক ৪০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। | নারায়নগঞ্জ, নরসিংদী, শরিয়তপুর, টাঙ্গাইল, জামালপুর, শেরপুর, চাঁদপুর, লক্ষ্মীপুর, পাবনা, নীলফামারী, যশোর, মাগুরা, খুলনা, সাতক্ষীরা, কুষ্টিয়া, বরিশাল, সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**আবেদন করার নিয়মাবলী:**

০২। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:

ক. ০১ জুলাই ২০২৪ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। **'অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক' এবং 'সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর' পদে বিভাগীয় প্রার্থীগণ আবেদন করতে পারবেন। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।** তবে, বীরমুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর Option Select করতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

গ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানের কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঘ. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপি প্রদর্শন করতে হবে:

১. সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক, জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ (প্রযোজ্য ক্ষেত্রে), প্রশিক্ষণের সনদ এবং পূরণকৃত Application Form সহ সকল কাগজপত্রের একসেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

২. বীরমুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। তাছাড়া, বীরমুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) এর ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সঙ্গে বীরমুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়নপত্র।

৩. এতিম নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

০৩। **আবেদন পূরণ সংক্রান্ত শর্তাবলি:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://pd.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। এছাড়া ফরম পূরণ, জমাদানের নির্দেশাবলী এবং অন্যান্য প্রযোজ্য শর্ত ও তথ্যাবলীসহ পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি বিদ্যুৎ বিভাগের ওয়েবসাইটে (www.powerdivision.gov.bd) পাওয়া যাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫ জুলাই ২০২৪ তারিখ সকাল ১০:০০ টা;

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৪ আগস্ট ২০২৪ তারিখ বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঘ. এ নিয়োগে বর্ণিত ছকের ০১নং ক্রমিকের শূন্য পদ পূরণে 'সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯' এবং ২, ৪ ও ৫নং পদ পূরণে 'বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪' (সংশোধিত ২০২০) এবং ০৩নং পদ পূরণে 'মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮' অনুসরণ করা হবে।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন।

উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-৪ নং ক্রমিকের পদের জন্য ২০০/- (দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ২৩/- (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ৫ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

**প্রথম SMS: PD**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PD ABCDEF

Reply: Applicant's Name, Tk. 223/112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type PD<Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS: PD**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PD YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for PD Application for post xxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pd.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

I. User ID জানা থাকলে: **PD**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: PD HELP User ABCDEF & send to 16222

II. PIN Number জানা থাকলে: **PD**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
Example: PD HELP PIN 12345678 & send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বিদ্যুৎ বিভাগের ওয়েবসাইটে (www.powerdivision.gov.bd) এ পাওয়া যাবে। এছাড়াও, QR Code স্ক্যান এর মাধ্যমে টেলটকের জব পোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.powerdivision.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk -এ ম্যাসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: PD Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

ট. **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা যেকোন পদ বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৫. সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ১, ২ ও ৪ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৬. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

৭. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

09.07.2028

(অরুন কুমার মন্ডল)
যুগ্মসচিব
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি

বিদ্যুৎ বিভাগ-এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বিদ্যুৎ বিভাগ-এর টেলিটক পোর্টালের QR Code